দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 MAY 2016
পৃষ্ঠা ৩/৭ কলাম ২

# তীব্র গরম : দিল্লিতে ১১ মে থেকে স্কুল বন্ধের নির্দেশ

■ এএফপি

দিল্লি সরকার প্রচণ্ড গরমের কারণে স্কুলগুলোতে গ্রীষ্মের ছুটি এগিয়ে এনে চলতি মাসের ১১ তারিখ থেকে করার নির্দেশ দিয়েছে। স্কুল পড়ুয়া কয়েক লাখ শিশুকে তীব্র গরম থেকে রক্ষা করতে এ নির্দেশ দেয়া হয়েছে।

আদেশে বলা হয়েছে, প্রচণ্ড উষ্ণতা ও তাপমাত্রা আরো বেড়ে যাওয়ার আশঙ্কা থেকেই এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এছাড়া তীব্র গরম সইতে না পেরে অনেক শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। তারা জ্বরসহ নানা রকম রোগব্যাধিতে ভুগছে। এ অবস্থায় অভিভাবকদেরও দুশ্চিন্তা বেড়ে গেছে। তাই সরকার বাধ্য হয়ে এ সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ভারতের রাজধানী দিল্লিতে চলতি মৌসুমের সবচেয়ে উষ্ণতম দিন ছিল। নগরীটিতে তাপমাত্রা ৪৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছায়। শহরটিতে সাধারণত যে সর্বোচ্চ তাপমাত্রা থাকে তার চেয়ে এটা ৫ পয়েন্ট বেশি। দিল্লিতে ৩ হাজার ৫শ' বেসরকারি স্কুল ও ১ হাজার ১শ' ৫০টি সরকারি স্কুল রয়েছে। এছাড়াও বিভিন্ন সংস্থা এখানে আরো ২ হাজার ৫শ'টি স্কুল পরিচালনা করে।